



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 8/24/2020

গভর্নর অ্যাঙ্কু এম. কুওমো

গভর্নর কুওমো ঘোষণা করেছেন যে সব অঞ্চলে কম ঝুঁকিপূর্ণ স্কুল ক্রীড়া 21 সেপ্টেম্বর থেকে শুরু হতে পারে

*কোন ভ্রমণ অনুশীলন বা খেলা 19 অক্টোবর পর্যন্ত স্কুলের অঞ্চল বা সমন্বিত অঞ্চল বা কাউন্টির বাইরে অনুমোদিত হবে না*

*উচ্চ-ঝুঁকি ক্রীড়ার অনুশীলন চলতেপারে কিন্তু এই সময়ে খেলার অনুমতি দেওয়া হবে না*

গভর্নর এ্যাঙ্কু এম. কুওমো আজ ঘোষণা করেছেন যে সব অঞ্চলে কম ঝুঁকিপূর্ণ, স্কুল-স্পন্সরকৃত ক্রীড়া 21 সেপ্টেম্বর থেকে অনুশীলন এবং খেলা শুরু করতে পারে। যদিও, অনুশীলন বা খেলার জন্য ভ্রমণ 19 অক্টোবর পর্যন্ত স্কুলের অঞ্চল বা সংলগ্ন অঞ্চল বা কাউন্টির বাইরে নিষিদ্ধ করা হবে। শরত ক্রীড়া মৌসুমের জন্য, নিম্ন এবং মাঝারি ঝুঁকিপূর্ণ ক্রীড়ার মধ্যে টেনিস, ফুটবল, ক্রস কান্ট্রি, ফিল্ড হকি এবং সাঁতার অন্তর্ভুক্ত।

উচ্চ ঝুঁকিপূর্ণ ক্রীড়া যেগুলোর জন্য পূর্ণ শারীরিক স্পর্শের প্রয়োজন হয় সেগুলি 21 সেপ্টেম্বর থেকে অনুশীলন শুরু করতে পারে কিন্তু পরবর্তী তারিখ বা 31 ডিসেম্বর পর্যন্ত খেলতে পারবে না। COVID-19 গণস্বাস্থ্য জরুরি অবস্থার সময় খেলাধুলা এবং বিনোদনের জন্য স্বাস্থ্য বিভাগের [নির্দেশিকা](#) অনুযায়ী, উচ্চ ঝুঁকিপূর্ণ খেলাধুলার অনুশীলন ব্যক্তি বা দল, বিনা-বা- কম স্পর্শ প্রশিক্ষণের মধ্যে সীমাবদ্ধ। উচ্চ ঝুঁকিপূর্ণ ক্রীড়ার মধ্যে ফুটবল, রোলিং, রাগবি, হকি এবং ভলিবল অন্তর্ভুক্ত।

"স্টেট অনেক গবেষণা করেছে কিভাবে আমরা নিরাপদে আমাদের শিক্ষার্থীদের স্কুল খেলাধুলায় অংশগ্রহণ করতে দিতে পারি এবং তাদের প্রয়োজনীয় ব্যায়ামের সুযোগ দিতে পারি, এবং আমরা যে নির্দেশিকা তৈরি করেছি তা আগামী মাসে নিম্ন ঝুঁকিপূর্ণ খেলাধুলা অনুশীলন এবং খেলা শুরু করার সুযোগ করে দেবে," **গভর্নর কুওমো বলেন।** "আমরা যুব খেলাধুলার সেভাবেই সামলাচ্ছি যেভাবে আমরা আমাদের পর্যায়ক্রমে পুনরায় খোলার সময় অন্য সব কিছু সামলেছি- দলগুলোকে কোন স্কুলের অঞ্চল বা সংলগ্ন অঞ্চলের বাইরে প্রতিদ্বন্দ্বিতা করার অনুমতি দেওয়া হবে না যতক্ষণ না আমরা এর প্রভাব আন্দাজ করতে পারি।"

স্কুলগুলিকে অবশ্যই তাদের স্কুল ক্রীড়া পরিচালনার জন্য বিভাগের নির্দেশিকা অনুসরণ করতে হবে। স্কুলগুলিকে ইনডোর ফ্যাসিলিটির ধারণক্ষমতার 50 শতাংশের মধ্যে উপস্থিতির সংখ্যা সীমিত করতে হবে এবং সামাজিক দূরত্ব এবং মুখাবরণ বাস্তবায়নের পাশাপাশি খেলোয়াড় প্রতি দুইজনের মধ্যে দর্শক সীমাবদ্ধ রাখতে হবে।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন [www.governor.ny.gov](http://www.governor.ny.gov)  
নিউইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | [press.office@exec.ny.gov](mailto:press.office@exec.ny.gov) | 518.474.8418

[আনসাবস্ক্রাইব করুন](#)